

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ঈদের খুতবা সালাতের পরে হওয়া জরুরী; আগে নয়

ذَكَرُ الْبَيَانِ بِأَنَّ الْخُطْبَةَ فِي الْعِيدَيْنِ يَجِبُ أَنْ تَكُونَ بَعْدَ الصَّلَاةِ لَا قَبْلُ

আরবী

2813 - أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ وَابْنُ كَثِيرٍ عَنْ شُعْبَةَ عَنْ أَيُّوبَ قَالَ: سَمِعْتُ عَطَاءً يُحَدِّثُ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ: أَشْهَدُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - أَوْ قَالَ عَطَاءٌ: أَشْهَدُ عَلَى ابْنِ عَبَّاسٍ -: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ يَوْمَ فِطْرِ فِي أَصْحَابِهِ فَصَلَّى ثُمَّ خَطَبَ ثُمَّ أَتَى النِّسَاءَ فَأَمَرَهُنَّ بِالصَّدَقَةِ فَجَعَلْنَ يَلْقَيْنَ. الراوي : ابْنُ عَبَّاسٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2813 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1036): ق.

বাংলা

২৮১৩. আব্দুল্লাহ বিন আব্বাস রাঈয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঈদুল ফিতরের দিন সাহাবীদের নিয়ে বের হন। তারপর তিনি সালাত আদায় করেন। অতঃপর খুতবা দেন। তারপর নারীদের কাছে আসেন এবং তাদেরকে সাদাকাহ করার নির্দেশ দেন। অতঃপর নারীরা (তাদের গহনা) সাদাকাহ করতে শুরু করে।”[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ১১৪২; মুসনাদ আহমাদ: ১/২৮৬; সহীহ মুসলিম: ৮৮৪; নাসাঈ: ৩/১৮৪; বাগাবী: ১১০২; ইবনু মাজাহ: ১২৭৩; সহীহুল বুখারী: ১৪৪৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৩৬)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92143>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন